# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯০৭

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর দরূদ পাঠ করবে, সেই দরূদ কবরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে পেশ করা হয়

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ صَلَاةَ مَنْ صَلَّى عَلَى الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ أُمَّتِهِ تُعرض عَلَيْهِ فِي قَبْرِهِ

---

আরবী

907 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ قَالَ: حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيٍّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ يَزِيدَ بْنِ جَابِرٍ عَنْ أَبِي الْأَشْعَثِ الصَّنْعَانِيِّ عَنْ أَوْسِ بْنِ أَوْسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(إِنَّ مِنْ أَفْضَلِ أَيَّامِكُمْ يَوْمَ الْجُمُعَةِ فِيهِ خَلَقَ اللَّهُ آدَمَ وَفِيهِ قُبض وَفِيهِ النَّفْخَةُ وَفِيهِ الصَّعْقَةُ فَأَكْثِرُوا عَلَيَّ مِنَ الصَّلَاةِ فِيهِ فَإِنَّ صَلَاتَكُمْ مَعْرُوضَةٌ عَلَيَّ) قَالُوا: وَكَيْفَ تُعرض صَلَاتُنَا عَلَيْكَ وَقَدْ أَرَمْتَ؟ فَقَالَ: (إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا حَرَّمَ على الأرض أن تأكل أجسامنا)
الراوي : أَوْسِ بْنِ أَوْسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 907 | خلاصة حكم المحدث:.صحيح.

বাংলা

৯০৭. আওস বিন আওস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই তোমাদের দিনগুলোর মধ্যে শ্রেষ্ঠ দিন হলো শুক্রবারের দিন। এই দিনে আল্লাহ আদম আলাইহিস সালামকে সৃষ্টি করেছেন, এই দিনে তাঁকে উঠিয়ে নেওয়া হয়েছে, এই দিনে শিংগায় ফুৎকার দেওয়া হবে, এই দিনেই (মানুষ) জ্ঞান হারিয়ে ফেলবে, সুতরাং এই দিনে তোমরা আমার উপর বেশি বেশি দরূদ পাঠ করবে। কেননা তোমাদের দরূদ আমার কাছে পেশ করা হয়।” সাহাবীগণ বললেন, “আমাদের দরুদসমূহ কীভাবে আপনার কাছে পেশ করা হবে, অথচ আপনি পঁচে-গলে যাবেন?” জবাবে তিনি বলেন, “নিশ্চয়ই আল্লাহ আমাদের

(নবী/রাসুলগনের) দেহসমূহ ভক্ষণ করা জমিনের উপর হারাম করে দিয়েছেন।”[1]

## ফুটনোট

[1] তিরমিযী: ৩৫৪৬; মুসনাদ আহমাদ: ১/২০১; নাসাঈ, আল কুবরা: ৩/৬৬; আবূ ইয়ালা: ৬৭৭৬; হাকিম: ১/৫৪৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১৭৩৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৫১৬; ইবনু মাজাহ: ১০৮৫; আবূ দাঊদ: ১০৪৭; নাসাঈ: ৩/৯১-৯২; দারেমী: ১/৩৬১; তাবারানী আল কাবীর: ৫৮৯; বাইহাকী: ৩/২৪৮।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৯৬২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আওস ইবনু আওস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89411

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন